বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
অডিট ও আইন শাখা

বিষয়ঃ ট্রাস্টি বোর্ডের হালনাগাদকৃত আবেদন ফরম (ফরম নং-৩২), চেকলিস্ট ও ফরম পূরণের নির্দেশনা বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ট্রাস্টি বোর্ডের অনুকূলে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ আর্থিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে আবেদন করছেন এবং অনেক ক্ষেত্রেই অসম্পূর্ণ আবেদন পাওয়া যাচ্ছে বিধায় তদন্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিলম্ব হচ্ছে। এহেন জটিলতা নিরসনে আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন (ফরম নং-৩২) হালনাগাদ করে চেকলিস্ট ও ফরম পূরণের নির্দেশনাবলী প্রস্তুত করা হয়েছে। যা বিআরটিএ'র ওয়েবসাইটে জরুরীভিত্তিতে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:
০১। হালনাগাদকৃত আবেদন ফরম (ফরম নং-৩২) – ০১ পাতা।
০২। চেকলিস্ট – ০১ পাতা।
০৩। ফরম পূরণের নির্দেশনাবলী – ০১ পাতা।

৭/৮/২৩

শেখ মতিয়ার রহমান
উপপরিচালক (আইন)
ফোন : ৫৫০৪০৭২৩
ইমেইল: ddlaw@brta.gov.bd

প্রোগ্রামার
বিআরটিএ সদর কার্যালয়
নতুন বিমানবন্দর সড়ক, বনানী
ঢাকা-১২১২।

---

ইউও নোট নং- ৩৫.০৩.০০০০.০০৫.০৪.৯০.২১(অংশ-১)-১১২৫ তারিখ: ০৭.০৫.২০২৩ খ্রি.

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

০১। পরিচালক (অপারেশন), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
০৩। অফিস কপি।

**ফরম নং-৩২**

**দুর্ঘটনার ক্ষতিপূরণ সংক্রান্ত আর্থিক সহায়তা তহবিল হইতে আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন**

[ধারা ৫৯ এবং বিধি ১৫০(১) দ্রষ্টব্য]

সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর ধারা ৫৩ এর অধীন গঠিত আর্থিক সহায়তা তহবিল হইতে ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ বা প্রযোজ্য ক্ষেত্রে চিকিৎসা খরচ প্রাপ্তির নিমিত্তে ধারা ৫৯ অনুযায়ী আবেদন ফরম:

১। (ক) দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তির নাম: ----------------------------------------------------------------------------------------
(খ) পিতা/স্বামী/স্ত্রীর নাম: ----------------------------------------------------------------------------------------
(গ) মাতার নাম: ----------------------------------------------------------------------------------------
(ঘ) মৃত ব্যক্তির ক্ষেত্রে আবেদনকারীর নাম: ----------------------------------------------------------------------------------------
(ঙ) আবেদনকারীর সহিত মৃত ব্যক্তির সম্পর্ক: ----------------------------------------------------------------------------------------

২। (ক) দুর্ঘটনা কবলিত ব্যক্তির জন্ম তারিখ/বয়স: ----------------------------------------------------------------------------------------
(খ) জাতীয় পরিচয়পত্রের নম্বর: ----------------------------------------------------------------------------------------
(গ) ড্রাইভিং লাইসেন্স নম্বর (চালকের ক্ষেত্রে) ও মেয়াদ: ----------------------------------------------------------------------------------------
(ঘ) ঠিকানা: ----------------------------------------------------------------------------------------

৩। (ক) দুর্ঘটনার স্থানসহ বিবরণ: ----------------------------------------------------------------------------------------
(খ) দুর্ঘটনার তারিখ ও সময়: ----------------------------------------------------------------------------------------
(গ) দুর্ঘটনার মামলা বা জিডি নম্বর: ----------------------------------------------------------------------------------------
(ঘ) মৃত ব্যক্তির ক্ষেত্রে মৃত্যুর তারিখ (মৃত্যু সনদ সংযুক্ত): ----------------------------------------------------------------------------------------

৪। (ক) অসুস্থতা ও চিকিৎসার সংক্ষিপ্ত বিবরণ: ----------------------------------------------------------------------------------------
(খ) মোট খরচের পরিমাণ (প্রমাণকসহ): ----------------------------------------------------------------------------------------

৫। বর্তমান ঠিকানা: ----------------------------------------------------------------------------------------

৬। আর্থিক সহায়তা তহবিল হইতে গত/চলতি অর্থ বৎসরে কোনো অনুদান পাইয়া থাকিলে অনুদান প্রাপ্তির খাতের নাম ও টাকার পরিমাণ: ----------------------------------------------------------------------------------------

উল্লিখিত আবেদনপত্রের বিষয়বস্তু আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোনো তথ্য গোপন করি নাই।

তারিখ: আবেদনকারীর স্বাক্ষর

**ট্রাস্টি বোর্ডের অনুকূলে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের আর্থিক সহায়তা প্রাপ্তির দাখিলকৃত আবেদনের সত্যতা যাচাইয়ের চেকলিস্ট:**

| ক্র: নং | দুর্ঘটনায় মৃত্যুবরণের ক্ষেত্রে | ক্র: নং | দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ ব্যক্তির ক্ষেত্রে |
|---|---|---|---|
| ০১ | সড়ক পরিবহন বিধিমালার নির্ধারিত ৩২ নং ফরমে আবেদন | ০১ | সড়ক পরিবহন বিধিমালার নির্ধারিত ৩২ নং ফরমে আবেদন |
| ০২ | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ | ০২ | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ |
| ০৩ | মৃত্যু সনদের সত্যায়িত কপি | ০৩ | চালকের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স |
| ০৪ | চালকের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স | ০৪ | অসুস্থতা ও চিকিৎসার সংক্ষিপ্ত বিবরণ |
| ০৫ | বৈধ ওয়ারিশ সনদ/ বৈধ অভিভাবক | ০৫ | চিকিৎসার প্রমাণকসমূহ (বিল, ভাউচার, প্রেসক্রিপশন ও অন্যান্য) |
| ০৬ | ওয়ারিশের জাতীয় পরিচয়পত্র/ নাবালকের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ | ০৬ | সংশ্লিষ্ট অতিরিক্ত অন্যান্য কাগজপত্র (যদি থাকে) |
| ০৭ | সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণকারী ব্যক্তির অনুকূলে মঞ্জুরিকৃত অর্থের চেক প্রদানের বিষয়ে সংযুক্ত নমুনাপত্র মোতাবেক (প্রয়োজন অনুসারে) ওয়ারিশান সনদ অনুযায়ী ওয়ারিশগণের ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্পে স্বাক্ষরসহ ক্ষমতাপত্র। | | -- |
| ০৮ | নাবালক/নাবালিকা ওয়ারিশের ক্ষেত্রে বৈধ অভিভাবক কর্তৃক তাদের ভরণ পোষণ ও দেখাশোনার বিষয়ে নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান অথবা প্রয়োজন অনুযায়ী হলফনামা/অঙ্গীকারনামা। | | - |
| ০৯ | সংশ্লিষ্ট অতিরিক্ত অন্যান্য কাগজপত্র (যদি থাকে) | | -- |

২৯/৭/২০
শেখ মতিয়ার রহমান
উপপরিচালক (আইন)
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৫৩ এর অধীন গঠিত আর্থিক সহায়তা তহবিল হতে ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ বা প্রযোজ্য ক্ষেত্রে চিকিৎসা খরচ প্রাপ্তির নিমিত্তে ধারা ৫৯ অনুযায়ী

## <u>আবেদন ফরম নং-৩২ পূরণের নির্দেশনাঃ</u>

১। আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদনের (ফরম নং-৩২) উপরে বামে বরাবর চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড লিখতে হবে।

২। আবেদন ফরমে উল্লিখিত প্রতিটি ক্রমিকে সংশ্লিষ্ট তথ্য লিখতে হবে কোনো তথ্য প্রদানে অপারগ হলে সুনির্দিষ্ট ব্যাখ্যা অথবা ক্ষেত্রমতে 'প্রযোজ্য নয়' লিখতে হবে।

৩। চালক ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স না থাকলে 'প্রযোজ্য নয়' লিখতে হবে।

৪। দুর্ঘটনার স্থানসহ বিবরণে দুর্ঘটনার স্থান, উপজেলা/থানা এবং জেলার নাম আবশ্যিকভাবে লিখতে হবে। দুর্ঘটনা স্থলে মৃত্যুবরণ করেছেন অথবা অন্য কোথাও মৃত্যুবরণ করেছেন তার বিবরণ উল্লেখ থাকতে হবে।

৫। সংশ্লিষ্ট দুর্ঘটনার বিষয়ে মামলা ও জিডি করা হলে সেটি লিখতে হবে ও সংযোজন করতে হবে অথবা মামলা বা জিডি না করা হলে 'করা হয় নাই' লিখতে হবে।

৬। অসুস্থতা ও চিকিৎসার সংক্ষিপ্ত বিবরণে আহত হলে তার বিবরণ লিখতে হবে কিন্তু দুর্ঘটনায় মৃত ব্যক্তির ক্ষেত্রে 'প্রযোজ্য নয়' লিখতে হবে।

৭। মোট খরচের পরিমাণ (প্রমাণকসহ)-এ আহত ব্যক্তির খরচের পরিমাণ উল্লেখ করতে হবে এবং মৃত ব্যক্তির ক্ষেত্রে 'প্রযোজ্য নয়' লিখতে হবে।

৮। আর্থিক সহায়তা তহবিল হতে গত/চলতি অর্থ বৎসরে কোনো অনুদান পেলে তা লিখতে হবে অথবা ইতোপূর্বে না পেলে 'প্রযোজ্য নয়' লিখতে হবে।

৯। আবেদনের সাথে চেকলিস্ট অনুযায়ী প্রমাণক হিসেবে সকল কাগজ-পত্র সংযুক্ত করতে হবে।

১০। যোগাযোগের জন্য মোবাইল নম্বর আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

**১১। আবেদন ফরমে উল্লিখিত প্রতিটি ক্রমিকে শূন্যস্থান/ফাকা স্থান পূরণ এবং চেকলিস্ট অনুযায়ী প্রমাণক হিসেবে সকল কাগজ-পত্র সংযুক্ত করা না হলে আবেদন গ্রহণ যোগ্য হবে না।**

**(বি: দ্র: এ ফরমে কোনো স্থান সংকুলান না হলে ভিন্ন/আলাদা কাগজ ব্যবহার করা যাবে।)**

উপপরিচালক (আইন)
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার